



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
ই-৭, আগারগাঁও, ঢাকা

www.dip.gov.bd

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২.২.৩ নং সূচক অনুসারে কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব নাদিরা আক্তার উপপরিচালক, পার্সোনালাইজেশন সেন্টার ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
সভার তারিখ	:	০১ সেপ্টেম্বর ২০২১
সময়	:	সকাল ১১:৩০ ঘটিকা
স্থান	:	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	:	তালিকা সংযুক্ত

সভাপতি মহোদয় ইনোভেশন টিমের উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব বিলকিস আফরোজা সিদ্দিকা ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান নিম্নোক্ত কার্যক্রম ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছেঃ

- ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা গত ০৭-০৭-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে।
- উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ এবং সেবা ডিজিটাইজেশন এর কার্যক্রমসমূহ বাস্তবায়নের লক্ষ্যে উদ্ভাবনী ধারণা আহ্বান করে ২৬-০৮-২০২১ খ্রিঃ তারিখে অধিদপ্তরের সকল কর্মকর্তা ও মাঠ পর্যায়ের অফিসসমূহে পত্র প্রেরণ করা হয়েছে।
- ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ কর্মশালা গত ১৮-০৭-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে।
- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে ১ম প্রশিক্ষণ গত ২৫-০৮-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে এবং ২য় প্রশিক্ষণ ০৮-০৯-২০২১ খ্রিঃ তারিখে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।


৩। উপপরিচালক জনাব নাদিরা আক্তার কিয়ঙ্কে পাসপোর্টের তথ্য প্রদান এবং পাসপোর্ট প্রিন্টের তথ্য/প্রতিবেদন পদ্ধতি ডিজিটাইজেশন করার বিষয়ে মতামত দেন।

৪। এসিসট্যান্ট সিস্টেম এনালিস্ট জনাব মোস্তাফিজুর রহমান প্রধান কার্যালয়ে ডিজিটাল পদ্ধতিতে সভার সূচি ব্যবস্থাপনা চালু করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন।

আলোচনাক্রমে উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সম্মতিক্রমে ই-পাসপোর্ট এবং স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রকল্পের সফটওয়্যার টিমের সাথে ইনোভেশন টিমের সদস্যদের সভার আয়োজন করা।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

 22/9/21
বিলকিস আফরোজা সিদ্দিকা

উপপরিচালক (প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা)
মহাপরিচালকের পক্ষে